



ইরানকে ফের ৬০ দিনের সময়সীমা দিলেন ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প | ছবি: সংগৃহীত

ইরানের সঙ্গে চূড়ান্ত সমঝোতায় পৌঁছাতে আবারও ৬০ দিনের সময়সীমা নির্ধারণ করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি বলেছেন, নির্ধারিত সময়ের মধ্যে চুক্তি না হলে যুক্তরাষ্ট্র বিকল্প পদক্ষেপ বিবেচনা করবে।

মেরিল্যান্ডের জয়েন্ট বেস অ্যাড্জুজে এক অনুষ্ঠানে ট্রাম্প বলেন, তিনি এখনো কূটনৈতিক সমাধানকেই অগ্রাধিকার দিচ্ছেন। তবে আলোচনা ব্যর্থ হলে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে ওয়াশিংটন প্রস্তুত রয়েছে।

তার ভাষায়, ৬০ দিনের মধ্যে একটি চূড়ান্ত সমঝোতায় পৌঁছাতে হবে। অন্যথায় এমন পদক্ষেপ নেওয়া হবে, যা ইরানের জন্য সুখকর হবে না।

তবে পরিস্থিতি সেই পর্যায়ে যাবে না বলেও আশা প্রকাশ করেন মার্কিন প্রেসিডেন্ট। তিনি বলেন, আলোচনার মাধ্যমেই সমাধান সম্ভব বলে তিনি বিশ্বাস করেন।

উল্লেখ্য, সম্প্রতি স্বাক্ষরিত সমঝোতা স্মারককে পূর্ণাঙ্গ চুক্তিতে রূপ দিতে ওয়াশিংটন ও তেহরান কারিগরি পর্যায়ে নতুন আলোচনা গুরুত্ব প্রস্তুতি নিচ্ছে। এমন প্রেক্ষাপটে ট্রাম্পের এই মন্তব্যকে তাৎপর্যপূর্ণ হিসেবে দেখা হচ্ছে।